

# ক্যান্টনমেন্ট বোর্ড

রংপুর সেনানিবাস

www.rcb.gov.bd

স্মারক নং-২৩.২২.৭০০৮.০০৪.১০.০২০(১).২১-৪৭

তারিখ : ২৭ শ্রাবণ, ১৪২৮ বঃ

২১ আগস্ট, ২০২১ খ্রিঃ

## ক্যান্টিন ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রংপুর ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত বীর উত্তম শহীদ সামাদ স্কুল এন্ড কলেজ এর সম্মুখভাগে নবনির্মিত ক্যান্টিন-কাম-ডিপার্টমেন্টাল স্টোর ০১/০৭/২০২১ খ্রিঃ তারিখ হতে ৩০/০৬/২০২৬ খ্রিঃ পর্যন্ত ০৫ (পাঁচ) বছরের জন্য ইজারা প্রদানের জন্য নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে দরপত্র আহবান করা যাচ্ছে। আবেদনকারীগণকে রংপুর ক্যান্টনমেন্ট বোর্ড অফিস হতে ২০০/- (দুইশত) টাকা মূল্যের (অফেরতযোগ্য) নির্ধারিত সিডিউল ফরম সংগ্রহ করে তা যথাযথভাবে পূরণ করত জামানত বাবদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (তপসীলি ব্যাংকের যেকোন শাখা হতে 'ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, রংপুর সেনানিবাস'-এর অনুকূলে ক্রয়কৃত) সিডিউল ফরমের সাথে সংযুক্ত করে তা কেবলমাত্র বন্ধ খামে ২৯/০৮/২০২১ খ্রিঃ তারিখ ১২:০০ ঘটিকার মধ্যে অত্র বোর্ডের রক্ষিত দরপত্র বাক্সে জমা করা যাবে। ঐ দিনই বেলা ১২:৩০ টায় ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার ও গ্যারিশন ডিউটি অফিসার (জিডিও) এবং উপস্থিত দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকে) দরপত্র বাক্স খোলা হবে।

### ক্যান্টিন ইজারার শর্তাবলী :

- ১। সর্বোচ্চ দর/ডাক দাখিলকারীদের নাম তাৎক্ষণিক জানিয়ে দেয়া হবে এবং বোর্ড সভাপতি কর্তৃক সর্বোচ্চ দর অনুমোদন সাপেক্ষে ক্যান্টিন বুঝিয়ে দেয়া হবে।
- ২। বোর্ড কর্তৃপক্ষের সিদ্ধান্ত ব্যতিত ইজারাকৃত ক্যান্টিন বরাদ্দ প্রাপক কোনভাবেই অন্য কারো নিকট হস্তান্তর বা উপবরাদ্দ প্রদান করতে পারবেন না।
- ৩। ক্যান্টিনের মাসিক ভাড়া ০১ হতে ১০ তারিখের মধ্যে ক্যান্টনমেন্ট বোর্ডের হিসাব শাখায় ক্যান্টঃ ৪-বি রশিদের মাধ্যমে জমা করতে হবে।
- ৪। ক্যান্টিন কোন প্রকার পঁচা/বাসি খাবার পরিবেশন করা যাবে না।
- ৫। স্বেচ্ছায় অথবা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক আরোপকৃত শর্তাবলী ভঙ্গ করার কারণে ক্যান্টিন বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং উক্ত ক্ষেত্রে জামানতের কোন অর্থ ইজারা গ্রহীতাকে ফেরত প্রদান করা হবে না।
- ৬। দর অনুমোদনের পর বোর্ড কর্তৃক নির্ধারিত ইজারার শর্তাবলী গ্রহণপূর্বক=৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প ক্যান্টনমেন্ট বোর্ডের সাথে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।
- ৭। অন্যান্য শর্তাবলী অফিস চলাকালীন সময়ে হিসাব শাখা হতে এবং অত্র অফিসের নোটিশ বোর্ডের মাধ্যমে জানা যাবে।
- ৮। আবেদনের সাথে দরদাতার ভোটার আইডি কার্ড/জন্ম নিবন্ধনের সত্যায়িত কপি এবং নাগরিকত্ব সনদ জমা প্রদান করতে হবে।
- ৯। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। কোন কারণে ডাক বাতিল হলে তাৎক্ষণিক তাদের জমাকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।

২১/০৮/২১

মোছাঃ আলিয়া ফেরদৌস জাহান  
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার  
রংপুর সেনানিবাস।

ফোন : ০৫২১-৬২৩০৪

ই-মেইল: ceo\_rangpur@dmlc.gov.bd

শ্রাবণ, ১৪২৮ বঃ

স্মারক নং-২৩.২২.৭০০৮.০০৪.১০.০২০(১).২১-

তারিখ : -----

আগস্ট, ২০২১ খ্রিঃ

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। স্টেশন সদর দপ্তর, রংপুর সেনানিবাস।

রংপুর সেনানিবাসের সকল ইউনিটে প্রচারের জন্য  
অনুরোধ করা হলো।

০২। স্টেশন সদর দপ্তর, বীর উত্তম শহীদ মাহবুব সেনানিবাস।

০৩। স্টেশন সদর দপ্তর, সৈয়দপুর সেনানিবাস।

০৪। জেলা প্রশাসক, .....

০৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।

০৬। ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার

.....সেনানিবাস (সকল)।

০৭। উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর।

০৮। নোটিশ বোর্ড ক্যান্টঃ বোর্ড বাজার/রংপুর সিটি বাজার/রংপুর সিও বাজার।